

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৩৫

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. মুসাফির ও পীড়িত ব্যক্তির সালাত - যে ব্যক্তি কোন প্রয়োজনে সফরে আছে, কিন্তু তার সময়সীমা নির্দিষ্ট করতে পারছে না তার বিধান

## আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: أَقَامَ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ تِسْعَةَ عَشَرَ يَوْمًا. رَوَاهُ الْبُخَارِيُّ وَفِي لَفْظٍ: بِمَكَّةَ تِسْعَةَ عَشَرَ يَوْمًا. رَوَاهُ الْبُخَارِيُّ وَفِي لَفْظٍ: بِمَكَّةَ تِسْعَةَ عَشَرَ يَوْمًا. رَوَاهُ الْبُخَارِيُّ وَفِي رَوَايَةٍ لِأَبِي دَاوُدَ: سَبْعَ عَشْرَةَ وَفِي رَوَايَةٍ لِأَبِي دَاوُدَ: سَبْعَ عَشْرَةَ وَفِي أَخْرَى: خَمْسَ عَشْرَةَ

صحيح. اللفظ الأول. رواه البخاري (1080)، واللفظ الثاني عنده برقم (4298)

## বাংলা

৪৩৫. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা সফরে উনিশ দিন পর্যন্ত অবস্থান কালে সালাত কসর করেন। অন্য শব্দে: 'মক্কায় উনিশ দিন' (অবস্থানকালে)। আবূ দাউদের বর্ণনায় আছে সতের দিন'। অন্য বর্ণনায় আছে—পনের দিন'।[1]

## ফুটনোট

[1] বুখারী ১০৮০, ৪২,৯৮, ৪৩০০, তিরমিয়ী ৫৪৯, ইবনু মাজাহ ১০৭৫, আবূ দাউদ ১২৩০, হাদীসের প্রথম অংশটুকু বুখারী (১০৮০) নম্বর হাদীসে রয়েছে, আর দ্বিতীয় অংশটুকু (৪২৯৮) নম্বর হাদীসে রয়েছে। তবে আবূ দাউদের ১২৩০ নং হাদীসে ১৭ দিন ১২৩১ নং হাদীসে ১৫ দিন, ১২৩২ নং হাদীসে ১৭ দিন উল্লেখ হয়েছে, যে গুলোকে হাদীস বেত্তাগণ সহীহর বিপরীত বলে মন্তব্য বলেছেন। ইমাম বাইহাকী বলেন ১৭ দিন কথাটি ঠিক নয়। বিশুদ্ধ বর্ণনা হয়েছে ১৯ দিন। সুনানে আল কুবরা বাইহাকী ৩ খন্ড ১৫১ পৃষ্ঠা, নাসায়ীতে বর্ণিত (১৪৫৩) বর্ণিত হাদীসে ১৫ দিনের কথা উল্লেখ থাকলেও হাদীসটিতে আলী বিন যায়দ বিন জাদ'আন রয়েছে। তার সম্পর্কে



আহমাদ বিন হাম্বল, মুহাম্মাদ বিন সাঈদ আল-কান্তান তারা দুইজন বলেন তার হাদীস পরিত্যাগ করা হয়েছে।

আল মাজমু (৪/৩৬০) গ্রন্থে ইমাম নাবাবী বলেন, এই হাদীসের সানাদে এমন রাবী রয়েছে যার দ্বারা দলীল গ্রহণ করা যাবেনা।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন